



# SANKRAIL ABHOY CHARAN HIGH SCHOOL (H.S)

Estd. - 1915

(HIGHER SECONDARY RECOGNISED & GOVT, SPONSORED SCHOOL WITH CLASSES V TO XII)  
P.O.- SANKRAIL, Dist. - HOWRAH

Board Index No. : F1-115  
DISE Code : 19161319702

Ph. (033) 2679-0405

Council Code No. : 106070

## জরুরী ঘোষণা

সম্প্রতি বিদ্যালয়ের এক শ্রেণির বর্তমান ও সদ্য প্রাক্তন ছাত্রছাত্রী, এমনকি কিছু কিছু অভিভাবকদের মধ্যেও একটি নিন্দনীয় প্রবণতা তৈরি হয়েছে, যে, তারা “পরে যদি কাজে লাগে” এই ভেবে সম্পূর্ণ অকারণেই তাদের সকল মার্কশীট, অ্যাডমিট, সার্টিফিকেট, ব্যাকের পাস বই বিভিন্ন ফর্ম এমনকি বাড়ির দলিল-দস্তাবেজ পর্যন্ত ও বেশ কয়েকটি সেট জেরক্স করিয়ে প্রধান শিক্ষকের চেম্বারে এসে ভীড় বাড়াচ্ছে এবং জমা দিচ্ছে অ্যাটেস্টেশন করানোর জন্য। এতো বড় স্কুলের বিপুল সংখ্যক ছাত্রছাত্রীদের অফিসিয়াল কাজের পাহাড় প্রমাণ চাপে সামান্য সংখ্যক কর্মী নিয়ে কোনও ক্রমে সামলে চলা অফিস, এবং সর্বোপরি প্রধান শিক্ষক মহাশয়ের হাজার হাজার কাজের মাঝে এই অন্যায়ে এবং অনর্থক অ্যাটেস্টেশনের দায় ক্রমশই দুঃসহ হয়ে ওঠায় বাধ্য হয়েই আমাদের নতুন নিয়ম চালু করতে হচ্ছে।

এখন থেকে প্রত্যেক অ্যাটেস্টেশনের আবেদনকারীকে বিদ্যালয় প্রধানকে উদ্দেশ্য করে একটি আবেদন, অর্থাৎ স্টেটমেন্ট অফ পারপাস (STATEMENT OF PURPOSE) লিখতে হবে, যাতে ঐ ছাত্র/ছাত্রী অথবা তার অভিভাবককে বিশদে লিখতে হবে ঠিক কি উদ্দেশ্যে বা কি প্রয়োজনে তাকে বিদ্যালয় প্রধানের থেকে অ্যাটেস্টেশন করাতে হচ্ছে। ঐ আবেদনপত্রের সাথে অ্যাটেস্টেশন করানোর জন্য যে জেরক্সগুলি দেওয়া হচ্ছে, সেগুলিকে একসাথে গেঁথে বিদ্যালয়ে সকাল ১১টার মধ্যেই জমা করে যেতে হবে, যেদিন অফিস থেকে বলে দেওয়া হবে সেদিন। বিদ্যালয়ের অফিস কর্মীরা আগে ঐ (OP বা স্টেটমেন্ট অফ পারপাসটি পরীক্ষা করে দেখবেন সত্যিই ঐ ডকুমেন্টসগুলি অ্যাটেস্টেশন করানো প্রয়োজন, কি না।

যদি অফিস প্রয়োজন মনে করে তবেই একমাত্র HM সেগুলিকে অ্যাটেস্টেশন করবেন, নতুবা নয়।

বিকালে চারটের আগে কখন ওই অ্যাটেস্টেশন করা কাগজপত্রগুলি ছাত্রছাত্রীদের বা তার অভিভাবকদের হাতে তুলে দেওয়া হবে না। শুধু তাই নয়, কোনও অবস্থাতেই একটি ডকুমেন্ট এর একাধিক কপি অ্যাটেস্টেশন করে দেওয়া হবে না। একটি ডকুমেন্ট এর একটিমাত্র জেরক্স এই অ্যাটেস্টেশন করা হবে।